# উপজেলা পরিষদ
## কোম্পানীগঞ্জ, সিলেট।
### উপজেলা পরিষদের ২য় সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মোঃ মজির উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ০৮/০৭/২০২৪ খ্রিস্টাব্দ, - ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ১০/০৬/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, পানি পুষ্টি প্রকল্পের আওতায় ২৫ জন খামারীকে ঘাস চাষ পদ্ধতি ও সবুজ ঘাস সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলমান বন্যায় গবাদী পশুদেরকে গো খাদ্য দেয়া হয়েছে। উপজেলা পরিষদ থেকে প্রাপ্ত গো খাদ্য যথাযতভাবে বিতরণ করা হয়েছে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, হাসপাতালে চলতি মাসে ১৭৪২০ জনকে সেবা দেয়া হয়েছে। শিশু ১৪১৯ জনকে সেবা দেয়া হয়েছে। চলতি মাসে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ৬৩৬ জন, ডেলিভারি ৫০ জনকে দেয়া হয়েছে। এম্বুলেন্স সেবা দেয়া হয়েছে ১৭ জনকে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা হাসপাতালের স্বাস্থ্যসেবা নিশ্চিত করবেন এবং রাত্রিকালীন চিকিৎসা সেবায় অধিকতর সর্তক থাকতে হবে যেন আগত রোগীরা সেবা পায়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | কৃষি বিভাগ | ২০২৪-২৫ মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় ৯৮০ জন কৃষক ও কৃষাণী ও পুর্নবাসন কর্মসূচীর আওতায় ২২০ জন কৃষক/কৃষাণীকে ৫ কেজি করে বীজ রোপা আমন ধান, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার প্রদান করা হয়। ৩০০ জনকে ১৫০০ নারিকেলের চারা পোপন করা হয়। চলতি খরিপ-২ মৌসুমে ১০৩০৩ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হবে বলে লক্ষমাত্রা ধরা হয়েছে। আশা করা যায় উক্ত লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হবে। চলতি মৌসুমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সার ও বীজ ডিলার পর্যায়ে মজুদ আছে। | উপজেলা কৃষি অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, আগাম বন্যা ও তহবিলের অপ্রতুলতার কারণে ২০২৩-২৪ অর্থ বছরে গৃহিত নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা যায়নি। ২০২৪-২৫ অর্থ বছরে নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা যেতে পারে।<br>১) উপজেলা পরিষদের ১ নং ভবন রংকরণ (২য় পর্যায়) প্রাক্কলিত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>২) বিভিন্ন ক্লাবে খেলাধুলা সামগ্রী বিতরণ বাবদ প্রাক্কলিত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৩) রাজনগর ফেরীঘাট নির্মাণ বাবদ প্রাক্কলিত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফেরীঘাট উন্নয়ন তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৪) উপজেলা পরিষদের চেয়ারম্যানের রুম মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পিআইসির মাধ্যমে ব্যয় করা যেতে পারে। যা উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৫) খায়েরগাঁও ইদু মিয়ার বাড়ী হইতে হিল্লোল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি পাকাকরণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৬) দীঘলবাকের পাড় সুনজিত বিশ্বাসের বাড়ী থেকে বড় রাস্তার মুখ পর্যন্ত ও বেতমুরা গৌরমনি বিশ্বাসের বাড়ী অভিমুখে রাস্তা সিসিকরণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৭) থানাবাজার পয়েন্ট এর মহাসড়কের পশ্চিম পাশ থেকে থানাসদর মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ে প্রবেশের রাস্তা পাকাকরণ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৮) উপজেলা পরিষদ কোয়ার্টার পিয়াইন ভবন মেরামত বাবদ ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৯) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় মেরামত বাবদ ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>১০) উপজেলা পরিষদের পাজেরো স্পোর্টস গাড়ী মেরামত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>১১) উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য নতুন ফার্নিচার ক্রয় করা প্রয়োজন। ফার্নিচার ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয় হতে পারে। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br>১২) উপজেলা পরিষদের জন্য ক্রোকারিজ ক্রয় ও আইপিএস ক্রয় করা বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>১৩। উপজেলা পরিষদের জন্য একটি কম্পিউটার, প্রিন্টার ও টিভি ক্রয় করা প্রয়োজন। কম্পিউটার, প্রিন্টার ও একটি টিভি মনিটর ক্রয় বাবদ ১,৮০,০০০/-(এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয় হতে পারে। যা উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>১৪। উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদের ভোলাগঞ্জ-দয়ারবাজার-ভাটরাই রাস্তার ট্রলির লাইন অংশে আছির আলীর বাড়ীর পূর্বে পাশের রাস্তা সংস্কার কার প্রয়োজন। যাহাতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয় হতে পারে। উক্ত টাকা উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>১৫। উপজেলাধীন ৬টি ইউনিয়নে রোপা আমন (উপসী) ধান বীজ ক্রয় ও সরবরাহ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা রাজস্ব উদ্বৃত্ত হতে ব্যয় করা যেতে পারে। | ক) আলোচ্যমতে বর্ণিত ১,২,৩ ও ১১ নং প্রকল্পসমূহ কোটেশনের মাধ্যমে আলোচ্য অর্থ ও খাত অনুসারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) আলোচ্যমতে বর্ণিত ৪,৫,৬,৭, ১২, ১৩, ১৪ ও ১৫ নং প্রকল্পসমূহ পিআইসির মাধ্যমে আলোচ্য অর্থ ও খাত অনুসারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) আলোচ্যমতে বর্ণিত ৮, ৯, ও ১০ নং প্রকল্পসমূহ ভাউচারের মাধ্যমে আলোচ্য অর্থ ও খাত অনুসারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | জনস্বাস্থ্য বিভাগ | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। যেসকল কাজের বিষয়ে অভিযোগ রয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। | সদ্য সমাপ্ত হওয়া নলকূপের কাজগুলা সরেজমিনে দেখে, কাজের অবস্থান আগামী সভায় উপস্থাপন করবেন সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মৎস্য অফিসার আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, ঈদুল আযহার ছুটি শেষে বিগত ০৩/০৭/২০২৪ খ্রিঃ তারিখে প্রাথমিক বিদ্যালয়সমূহ চালু হয়েছে। এখনো প্রায় ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্যা কবলিত থাকায় শ্রেণিপাঠদান চালু করা যাচ্ছে না। বন্যার পানি নেমে গেলে দ্রুত পরিস্কার পরিচ্ছন্ন করে শ্রেণিপাঠদান চালু করার জন্য সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নির্দেশনা দেয়া হয়। বিগত বছরের ন্যায় ২০২৪ সালে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে শুরু করার জন্য নির্দেশনা দেয়া হয়। | উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার/ কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আগামী ০৯/০৭/২০২৪ তারিখ থেকে এইচ এসসি পরিক্ষা অনুষ্ঠিত হবে। এতে সকলের সহযোগীতা কামনা করি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলমান বন্যা সকল ইউনিয়নে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। বন্যা মোকাবেলায় পর্যাপ্ত পরিমান খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধিমতে তার বিভাগের কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সহকারি যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আগামী সভায় উপস্থিক থাকার জন্য অনুরোধ করা হলো এবং তাঁর বিভাগের কাজ বিধিমতে বাস্তবায়ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান যে, জুন/২০২৪ মাসে ২৪০ জন গর্ভবতী মহিলাকে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় অন্তর্ভূক্ত করা হয়েছে। মোট ভাতাভোগী ১৩৪৭ জন। ভিডব্লিউবি কর্মসূচীর জুন/২৪ মাসে ৩টি প্রশিক্ষণ গ্রহণ করা হয়েছে। ৩০/০৬/২০২৪ ইং তারিখ ২ নং পূর্ব ইসলামপুর ইউনিয়নের চানপুর গ্রামে একটি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাঁর বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, সিভিডিপি প্রকল্পের আওতায় ২ মাসব্যাপী প্রফেশনাল ড্রাইভিং প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এ প্রশিক্ষণে অংশগ্রহণ করে ২০ জন সমবায়ী যাদের বয়স ২১-৩৫, প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রফেশনাল ড্রাইভিং লাইসেন্স প্রদান প্রক্রিয়াধীন আছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তার বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা বন কর্মকর্তাকে নিয়মিত অফিস করা এবং বনাঞ্চল পরিদর্শনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, দুই জন ডিলারের মাধ্যমে সপ্তাহে ৫ দিন (শুক্র ও শনিবার ব্যতীত) ১ মেঃটন চাল জনপ্রতি ৫ কেজি ৩০ টাকা দরে এবং ১ মেঃটন আটা প্রতিকেজি ২৪ টাকা দরে বিক্রি করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলাধীন বিভিন্ন বাজারের গুরুত্বপূর্ণ পয়েন্টে বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষদের মাঝে ডিলারের মাধ্যমে চাল বিক্রয় করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচ্য বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখবেন। উপজেলাধীন বিভিন্ন বাজারের গুরুত্বপূর্ণ পয়েন্টে বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষদের মাঝে ডিলারের মাধ্যমে চাল বিক্রয় করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | বিবিধ-১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পাহাড়ে ঢলে বন্যা হওয়ায় বন্যার্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের অপত্যাশিত খাত হতে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ত্রাণ সামগ্রী ক্রয় ও বিতরণ বাবদ ব্যয় করা যেতে পারে। | সকল ইউনিয়নে বন্যার্তদের মাঝে ত্রাণ সামগ্রী ক্রয়পূর্বক বিতরণের নিমিত্তে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে বলেন যে, কোম্পানীগঞ্জকে এগিয়ে নিতে সকলের পারস্পরিক সহযোগীতা প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মকে ভাল কিছু উপহার দিতে আমাদের কিছু কাজ করে যেতে হবে, যার সুফল তারা পাবে। বন্যায় ক্ষতিগ্রস্থ সকল ইউনিয়নের রাস্তার তালিকা করে মেরামতের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। জনদুর্ভোগ দুর করার জন্য ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো দ্রুত চলাচলের উপযোগী করে দিতে হবে। সকল দপ্তরের দায়িত্বিরত কর্মকর্তাগণ জনগনের সেবা নিশ্চিত করলে দেশ আরো এগিয়ে যাবে।<br><br>২। ইউপি চেয়ারম্যানগণ তাদের ইউনিয়নের অন্তর্ভূক্ত সকল বাজারের ব্যবসায়ীদের আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্ব স্ব ইউনিয়ন পরিষদ হতে নতুন ট্রেড লাইসেন্স নিতে হবে এবং যাদের ট্রেড আছে কিন্তু মেয়াদ নেই তারা নবায়ন করবেন। ট্রেড লাইসেন্স ব্যতীয় যেসকল ব্যবসায়ীরা ব্যবসা পরিচালনা করবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি ইউপি চেয়ারম্যানগণ সকল বাজারে মাইকিং করে প্রচার করবেন। | সকল ইউপি চেয়ারম্যানগণ তাদের নিজ নিজ ইউনিয়নে ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা উপজেলা প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। সকল দপ্তরের কর্মকর্তাগণ জনগনের সেবা নিশ্চিত করবেন।<br><br>২। আলোচ্য বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নের বাজারগুলোতে মাইকিং করবেন এবং সকল ব্যবসায়ীরা বাধ্যতামূলকভাবে ট্রেড লাইসেন্স ব্যবহার করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় ৬ষ্ট উপজেলা পরিষদের নির্বাচিত দুই জন ভাইস চেয়ারম্যানদের মধ্য থেকে প্যানেল চেয়ারম্যান গঠন করা প্রয়োজন। পরিষদের ১ম সভার তারিখ হতে পরবর্তী ৩০ দিনের মধ্যে প্যানেল চেয়ারম্যান গঠন করার জন্য নির্দেশনা রয়েছে। প্যানেল চেয়ারম্যান গঠনের জন্য দক্ষিণ রণিখাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ লাল মিয়াকে প্যানেল চেয়ারম্যান-০১ হিসেবে রাখার জন্য সভায় প্রস্তাব করেন। উনার প্রস্তাবের প্রেক্ষিতে একে একে উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণ জনাব মোঃ লাল মিয়া, ভাইস চেয়ারম্যানকে প্যানেল চেয়ারম্যান-০১ হিসেবে সমর্থন করেন।<br><br>২। উপজেলা পরিষদের ১৭টি দপ্তরেরর স্থায়ী কমিটি গঠনের নিমিত্তে আলোচনা সাপেক্ষে খসড়া কমিটি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনার পর ১৭টি স্থায়ী কমিটি অনুমোদনের সভায় প্রস্তাব করা হয়।<br><br>৩। উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট সভায় উপস্থাপন করা হয়। কোন ধরনের সংশোধন না থাকলে উত্থাপিত বাজেটের কার্যবিবরনী অনুমোদন দেয়া যেতে পারে। | কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান নিম্নোক্তভাবে গঠন করা হলো।<br>নাম \| পদবী \| প্যানেল<br>মোঃ লাল মিয়া \| ভাইস চেয়ারম্যান \| প্যানেল চেয়ারম্যান -১<br>আয়শা বেগম \| মহিলা ভাইস চেয়ারম্যান \| প্যানেল চেয়ারম্যান -২<br><br>২। উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির খসড়া সভায় উপস্থাপন করা হয় এবং উত্থাপিত কমিটিসমূহ সকলের মতামতের ভিত্তিতে সভায় অনুমোদন দেয়া হলো।<br>৩।। উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের উত্থাপিত বাজেট উপজেলা পরিষদ সভায় অনুমোদন করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল) , অফিসার, সকল দপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | বিবিধ-৪ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি সভাকে জানান যে, সিলেট ভোলাগঞ্জ মহাসড়কে খাগাইল থেকে হাইটেক পার্ক পর্যন্ত রাস্তার দুপাশে সৌন্দর্য্যবর্ধন গাছের চারা রোপন করা যেতে পারে। এতে আগত পর্যটকরা আকৃষ্ট হবে। সভায় উপস্থিত সবাই এতে একমত পোষন করেন। | সিলেট ভোলাগঞ্জ মহাসড়কে খাগাইল থেকে হাইটেক পার্ক পর্যন্ত রাস্তার দুপাশে সৌন্দর্য্যবর্ধন গাছের চারা রোপন করার নিমিত্তে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে একটি প্রাক্কলন উপজেলা প্রকৌশলী প্রস্তুত করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | বিবিধ-০৫ | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি সভাকে জানান যে, তাঁর ইউনিয়নে চলমান বন্যায় অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। বিশেষ করে গ্রামীণ রাস্তা অনেক জায়গায় ভেঙ্গে গেছে। সেই রাস্তাগুলো মেরামত করা প্রয়োজন। | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি তাঁর ইউনিয়নে ভেঙ্গে যাওয়া ও জরুরী মেরামতযোগ্য রাস্তার তালিকা উপজেলা প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। | উপজেলা, উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | বিবিধ-৬ | উপজেলা পরিষদে কাজ নাই মজুরী নাই ভিত্তিতে নিয়োজিত মোঃ হৃদয় মিয়া, মালি গত প্রায় ০১ (এক) মাস ধরে অফিসে আসেন না এবং কোন কাজ করেন নাই। বিনা অনুমতিতে তিনি অফিসে প্রায়ই অনুপস্থিত থাকেন। অতীতেও তিনি অসংখ্যবার এমন করেছেন। তাই যেহেতো কাজ নাই মজুরী নাই ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োজিত তাঁকে অব্যাহতি দেয়া যায়। | উপজেলা পরিষদে কাজ নাই মজুরী নাই ভিত্তিতে নিয়োজিত মোঃ হৃদয় মিয়া, মালিকে উপজেলা পরিষদের কাজ নাই মজুরী নাই ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োজিত মালি পদ থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | বিবিধ-৭ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান, শিলের ভাঙ্গা থেকে টুকের বাজার পর্যন্ত রাস্তায় ভারী ট্রাক চলাচলের কারণে নতুনভাবে নির্মিত পাকা রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে। রাস্তাটি রক্ষাসহ দুর্ঘটনা এড়ানোর জন্য বর্ণিত রাস্তার প্রবেশদ্বারে সড়ক গতিরোধক বাড় স্থাপন করা যেতে পারে। | শিলের ভাঙ্গা থেকে টুকের বাজার পর্যন্ত রাস্তায় সড়ক গতিরোধক বাড় নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মজির উদ্দিন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

তারিখঃ ০৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-৭৮৭ (৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৪।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৬। জেলা.......................................অফিসার, সিলেট।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৮। চেয়ারম্যান..............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১০।.......................................কোম্পানীগঞ্জ, সিলেট।

সুনজিত কুমার চন্দ
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জিয়াদ আলী | চেয়ারম্যান, ১ নং পশ্চিম ইসলামপুর ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মোঃ লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মোঃ ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মোঃ আলমগীর আলম | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব সাজ্জাদুর রহমান | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মো: খোরশেদ আলম প্রধান | সহকারি প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য অফিস, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | ডাঃ প্রভাকর রায় মেডিকেল অফিসার | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মোঃ রুহোল আমিন | এজিএম, পল্লী বিদ্যুৎ বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব টিটু কুমার দে | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মোঃ আক্তার হোসেন | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মোঃ আবু সাইদ মিয়া | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব ফেরদৌস রহমান | সহকারি যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | মোঃ আব্দুল হামিদ | দারিদ্র বিমোচন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: আব্দুল মতিন | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মোঃ শাহজাহান | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব আসিফ খান রাবি | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | ড. মোহাম্মদ লুৎফুর রহমান | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | জনাব কাজী আব্দুল অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।